

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৮৪১(আগরতলা ১১১০২)

আগরতলা, ১১ ফেব্রুয়ারি, ২০২৪

দিব্য কলা মেলার সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল
দিব্যাঙ্গজনদের কল্যাণে কেন্দ্রীয় সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে : রাজ্যপাল



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকার সবকা সাথ, সবকা বিকাশ, সবকা বিশ্বাস ও সবকা প্রয়াসের দিশায় কাজ করছে। দিব্যাঙ্গজনদের কল্যাণ ও তাদের সুনিশ্চিত জীবন যাপনের জন্য কেন্দ্রীয় সরকার বিভিন্ন উদ্যোগ নিয়েছে। আজ শিশু উদ্যানে আয়োজিত দিব্য কলা মেলার সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু একথা বলেন। রাজ্যপাল দেশে দিব্যাঙ্গজনদের কল্যাণে ন্যাশনাল ডিসেবিলিটি ফিন্যান্স এন্ড ডেভেলপমেন্ট কর্পোরেশনের কাজের ভূয়সী প্রশংসা করেন। উল্লেখ্য, কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ মন্ত্রকের উদ্যোগে এই মেলার আয়োজন করা হয়।

মেলার সমাপ্তি অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক বলেন, দিব্যাঙ্গজনদের কল্যাণে কেন্দ্রীয় সরকার বিভিন্ন পরিকল্পনা রূপায়ণ করছে। তিনি জানান, ত্রিপুরাতে আরও ৪টি ডিডিআরসি স্থাপন করা হবে। তিনি বলেন, দিব্যাঙ্গজনদের আত্মনির্ভর করতে বিভিন্ন প্রকল্পে ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। অনুষ্ঠানে অতিথিগণ দিব্যাঙ্গজনদের হাতে চলন সামগ্রী, শংসাপত্র, জব সার্টিফিকেট, স্মার্ট ফোন ও ঋণের অনুমোদনপত্র তুলে দেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসসি ওয়েলফেয়ার কমিটির চেয়ারম্যান বিধায়ক পিনাকী দাস চৌধুরী ও ওবিসি ওয়েলফেয়ার কমিটির চেয়ারম্যান এম কে নাথ। সমাপ্তি অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এনডিএফডিসি'র চেয়ারম্যান নবীন শাহ। সমাপ্তি অনুষ্ঠানের পর রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু দিব্য কলা মেলা প্রাঙ্গণে বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং দিব্যাঙ্গজনদের সঙ্গে মতবিনিময় করেন।
